

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি)

লাইন-১ (এমআরটি লাইন-১) সম্পর্কে বিশেষ বিজ্ঞপ্তি

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা)র যৌথ অর্থায়নে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক “ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এমআরটি লাইন-১ দুটি অংশে বিভক্ত; অংশ দুটি হ'লঃ বিমানবন্দর রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং পূর্বাচল রুট (নতুনবাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। এছাড়াও পূর্বাচল নতুন শহরের দক্ষিণে পিতলগঞ্জ-এ উড়াল অংশের একেবারে পূর্ব দিকে এমআরটি লাইন-১ এর ডিপো অবস্থিত। ডিপো এবং ডিপোতে প্রবেশের সংযোগপথের জন্য নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় সর্বমোট ৯২.৯৭২৫ একর (৩৭.৬২৫৪ হেক্টর) ব্যক্তিগত ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- ছাব্বর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ সালের অনুযায়ী প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত ভূমির মালিকগণ তাদের বসতবাড়ি, গাছপালা, ফসলি জমি ও অপরিপক্ক ফসলের ক্ষতির জন্য আইনানুগ ক্ষতিপূরণ প্রাপ্য হবেন। তাঁরা জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ হতে ক্ষতিপূরণের অর্থ গ্রহণ করবেন। তদুপরি ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি স্থানান্তরের জন্য ডিএমটিসিএল থেকে এককালীন নগদ পুনর্বাসন সুবিধা পাবেন। যারা সরকারি ভূমিতে বসবাস করেন বা ব্যবসা পরিচালনা করেন, তারাও তাদের ব্যবসা এবং ঘরবাড়ির জন্য উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার পরিবেশগত এবং সামাজিক বিবেচনার গাইডলাইনস, ২০১০ অনুযায়ী ক্ষতিপূরণ পাবেন।
- প্রকল্পের ভূমি অধিগ্রহণ এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত ডিএমআরটিডিপি লাইন-১ এর প্রকৌশল পরিষেবার জন্য নিযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান এনকেডস কনসোর্টিয়াম কর্তৃক নলেজ ম্যানেজমেন্ট কনসালট্যান্টস (কেএমসি) লিমিটেডকে নিয়োগ প্রদান করা হয়েছে।
- ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) আশা করে যে, স্থানীয় জনপ্রতিনিধি, জনসাধারণ, গন্যমান্য ব্যক্তিবর্গ, কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহ পুনর্বাসন কাজে নিয়োজিত নলেজ ম্যানেজমেন্ট কনসালট্যান্টস (কেএমসি) লিঃ-কে পুনর্বাসন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।
- ১৩ই আগস্ট, ২০২০ তারিখ Cut-off date নির্ধারণ করা হয়েছে। বর্ণিত তারিখের পর সরকারি ভূমিতে অনুপ্রবেশকারী ব্যক্তিগণ পুনর্বাসন সুবিধা প্রাপ্য হবেননা। যারা ব্যক্তিগত ভূমিতে বসবাস বা ব্যবসা পরিচালনা করেন তাদের জন্য Cut-off date হচ্ছে জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ কর্তৃক ছাব্বর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ এর অধীনে ৪ (চার) ধারার নোটিশ জারির তারিখ।
- প্রকল্পটি বাস্তবায়নের ফলে যে সকল ব্যক্তির সম্পদ যেমন-ভূমি, পুকুর, নির্মিত অবকাঠামো, ব্যবসা/পেশা প্রভৃতি প্রত্যক্ষ/ পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হবে, তারা জেলা প্রশাসকের কার্যালয় থেকে ক্ষতিপূরণ (CUL) গ্রহণ করবেন বা ডিএমটিসিএল থেকে নগদ অর্থ পাবেন; তারা ক্ষতিপূরণ প্রাপ্য ব্যক্তি (Entitled Person) হিসেবে বিবেচিত হবেন।
- পুনর্বাসন কর্মসূচিকে সহায়তা করার জন্য ডিএমটিসিএল এর অফিস আদেশ অনুযায়ী ইতোমধ্যে অভিযোগ নিরসন কমিটি (জিআরসি) গঠন করা হয়েছে। এ কমিটি আইন-সংগত মালিকের ক্ষতিপূরণ সংক্রান্ত যে কোন অভিযোগ আমলে নিয়ে তার ওপর ব্যবস্থা গ্রহণ করবেন।

ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য কিছু গুরুত্বপূর্ণ তথ্য

- প্রত্যেক ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য ছবিসহ ID কার্ড প্রদান করা হবে যা ডিএমটিসিএল-এ কর্মরত প্রকল্প ব্যবস্থাপক কর্তৃক ইস্যুকৃত হবে। এই কার্ড প্রদর্শনের মাধ্যমে যে কোন ক্ষতিগ্রস্ত ব্যক্তি তার দাবি পেশ করতে পারবে।
- ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ক্ষতিপূরণের নির্ধারিত টাকা পাওয়ার জন্য ভূমির খতিয়ান, দলিল, হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা, বন্টননামা/ ফরয়োজ সংগ্রহ করতে হবে।
- ক্ষতিপূরণের টাকার চেক জমা দেবার জন্য নিকটস্থ বাণিজ্যিক ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে। পুনর্বাসনের ক্ষতিপূরণের অর্থ একাউন্টস পেয়ি চেকের মাধ্যমে উক্ত সঞ্চয়ী হিসাবে প্রদান করা হবে।
- জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ হতে অধিগ্রহণের ক্ষতিপূরণের অর্থ পাওয়ার পর কোন ব্যক্তি/ মালিক পুনর্বাসন সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হবেন।
- যে কোন ব্যক্তি ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন সংক্রান্ত যে কোন তথ্য বা বিস্তারিত ব্যাখ্যার জন্য ডিএমটিসিএল/ কেএমসির ফিল্ড অফিসে যোগাযোগ করতে পারবেন।

প্রকল্প সম্পর্কে আরও বিস্তারিত জানতে বা পুনর্বাসন সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য প্রকল্প পরিচালকের দপ্তরে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ করার ঠিকানাঃ

প্রকল্প পরিচালক

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) (লাইন-১)

(এমআরটি লাইন-১)

প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১

৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, ঢাকা -১০০০।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ